রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ১৯, ২০২১

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৫ মাঘ, ১৪২৭ মোতাবেক ১৯ জানুয়ারি, ২০২১

নিম্নলিখিত বিলটি ০৫ মাঘ, ১৪২৭ মোতাবেক ১৯ জানুয়ারি, ২০২১ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ০৫/২০২১

## The Civil Courts Act, 1887 (Act No. XII of 1887)- এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে The Civil Courts Act, 1887 (Act No. XII of 1887)- এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন The Civil Courts (Amendment) Act, 2021 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Act No. XII of 1887 এর section 19 এর সংশোধন।**—The Civil Courts Act, 1887 (Act No. XII of 1887), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর পরিবর্তে নিম্নরূপ section 19 প্রতিস্থাপিত হইবে, যথা :—

> "19. (1) Save as otherwise provided by any enactment for the time being in force, the jurisdiction of a Senior Assistant Judge and an Assistant Judge shall extend to all suits of which the value does not exceed 25 (twenty five) lac Taka and 15 (fifteen) lac Taka respectively.

(2) The District Judge shall transfer the suit or proceeding pending before the Joint District Judge Court or Senion Assistant Judge Court to the competent court within 90 (ninety) days from the date of enforcement of the Civil Courts (Amendment) Act. 2021.

(3) If any suit of proceeding is transferred under sub-section (2), the proceeding of the suit shall start from the stage at which it is transferred."।

৩। **Act No. XII of 1887 এর section 21 এর সংশোধন।**—উক্ত Act এর section 21 এর sub-section (1) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (1) এবং (1A) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(1) Save as aforesaid, an appeal from a decree or order of a Joint District Judge shall lie—

(a) to the District Judge where the value of the original suit in which or in any proceeding arising out of which the decree or order was made did not exceed 5 (five) crore Taka; and

(b) to the High Court Division in any other case.

(1A) No appeal or proceeding pending before the High Court Division shall be transferred to the District Judge only because of the enhancement of pecuniary jurisdiction of a District Judge by the Civil Courts (Amendment) Act, 2021."।

৪। The Civil Courts (Amendment) Act, 2016 এতদ্দ্বারা রহিত করা হইল।

# উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

বর্তমান আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটে পূর্বের তুলনায় সম্পত্তির মূল্য বহুগুণ বৃদ্ধি পাওয়ায় বিভিন্ন দেওয়ানি আদালতের আর্থিক এখতিয়ার বৃদ্ধি করে ২০১৬ সালে জাতীয় সংসদে The Civil Courts (Amendment) Act, 2016 পাশ হয়। সংশোধিত আইনে সহকারী জজ-এর আর্থিক এখতিয়ার ০২ (দুই) লক্ষ টাকা থেকে ১৫ (পনের) লক্ষ টাকা, সিনিয়র সহকারী জজ-এর আর্থিক এখতিয়ার ০৪ (চার) লক্ষ টাকা থেকে ২৫ (পঁচিশ) লক্ষ টাকা এবং আপিল শুনানির ক্ষেত্রে জেলা জজ-এর আর্থিক এখতিয়ার ০৫ (পাঁচ) লক্ষ টাকা থেকে ০৫ (পাঁচ) কোটি টাকায় বৃদ্ধি করা হয়। এছাড়া যুগ্ম জেলা জজ কর্তৃক অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা মূল্যমানের মূল মোকদ্দমায় প্রদত্ত ডিক্রী বা আদেশ হতে উদ্ভূত হাইকোর্ট বিভাগে বিচারাধীন কোনো আপিল বা কার্যক্রম জেলা জজ আদালতে স্থানান্তরের বিধান রাখা হয়।

(খ) পরবর্তীতে, মামলা স্থানান্তর-সংক্রান্ত উক্ত বিধানের কার্যকারিতা স্থগিত চেয়ে হাইকোর্ট বিভাগে Writ Petition No. 7053 and 6669 of 2016 দায়ের হলে হাইকোর্ট বিভাগ The Civil Courts (Amendment) Act, 2016-এর কার্যকারিতা স্থগিত করে।

(গ) উল্লিখিত সংশোধিত আইনের বিধান মোতাবেক যুগ্ম জেলা জজ কর্তৃক অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা মূল্যমানের মূল মোকদ্দমায় প্রদত্ত ডিক্রী বা আদেশ হতে উদ্ভূত হাইকোর্ট বিভাগে বিচারাধীন কোনো আপিল বা কার্যক্রম জেলা জজ আদালতে স্থানান্তরের প্রক্রিয়া সময় সাপেক্ষ বিধায় উক্ত আপিল বা কার্যক্রম নিষ্পত্তিতে বিলম্বের সৃষ্টি হতে পারে। এছাড়া উক্ত স্থানান্তর-প্রক্রিয়ায় প্রশাসনিক জটিলতাসহ বিচারপ্রার্থী জনগণের অসুবিধার সৃষ্টি হতে পারে। বর্ণিত কারণে সরকার The Civil Courts Act, 1887-এর প্রয়োজনীয় সংশোধনী আনয়নের আবশ্যকতা রয়েছে বলে মনে করে।

(ঘ) এই পরিপ্রেক্ষিতে, প্রস্তাবিত The Civil Courts (Amendment) Act, 2021-এর মাধ্যমে ২০১৬ সালে আনীত সংশোধনী আইনে যুগ্ম জেলা জজ কর্তৃক অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা মূল্যমানের মূল মোকদ্দমায় প্রদত্ত ডিক্রী বা আদেশ হতে উদ্ভূত হাইকোর্ট বিভাগে বিচারাধীন আপিল বা কার্যক্রম জেলা জজ আদালতে স্থানান্তর না করার বিধান অন্তর্ভুক্ত করে এবং জেলা জজের আপিল শুনানির বৃদ্ধিপ্রাপ্ত আর্থিক এখতিয়ার একইরূপ রেখে The Civil Courts Act, 1887-এর বিদ্যমান ২১ ধারাকে প্রতিস্থাপনের প্রস্তাব করা হয়েছে। একইভাবে সহকারী জজ ও সিনিয়র সহকারী জজের বৃদ্ধিপ্রাপ্ত আর্থিক এখতিয়ার অপরিবর্তিত রাখা হয়েছে, তবে যুগ্ম জেলা জজ আদালতে বিচারাধীন অনূর্ধ্ব ২৫ (পঁচিশ) লক্ষ টাকা মূল্যমানের মোকদ্দমা উপযুক্ত এখতিয়ারসম্পন্ন আদালতে স্থানান্তরের বিধানাবলি অন্তর্ভুক্ত করে The Civil Courts Act, 1887-এর বিদ্যমান ১৯ ধারাকে প্রতিস্থাপন করা হয়েছে। বর্ণিত উদ্দেশ্যে ও কারণে The Civil Courts (Amendment) Act, 2021 শীর্ষক বিল মহান জাতীয় সংসদের বিবেচনার জন্য আনয়ন করা হয়েছে।

**আনিসুল হক**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd